বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

প্রকাশনা ও জনসংযোগ শাখা

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আজহারুল আমিন<br>অতিরিক্ত পরিচালক |
| সভার তারিখ | ২০/১২/২০২১ খ্রিঃ |
| সভার সময় | বেলা ১২:০০ঘটিকা |
| স্থান | প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিতি তালিকা অনুযায়ী |

**গত ২০/১২/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী**

গত ২০/১২/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকায় বিএলআরআই-এর অতিরিক্ত পরিচালক মোঃ আজহারুল আমিন-এর সভাপতিত্বে ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে (দ্বিতীয় তলা) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যদের তালিকা উপস্থিতি তালিকা-এ সংযুক্ত করা হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে জনাব দেবজ্যোতি ঘোষ, তথ্য কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এরপর সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করা হয়। সভায় উপস্থিত সদস্যগণ সভার আলোচ্যসূচি অনুযায়ী নিজেদের পরামর্শ ব্যক্ত করেন। সভাপতি মহোদয় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে সিটিজেন চার্টার সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সঠিকভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য দিক-নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন।

সভায় নিম্নোক্ত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় –

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১ | দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সমন্বয়ে একটি অবহিতকরণ সভা আয়োজনের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ০২ | ডিসেম্বর'২০২১ এর শেষ সপ্তাহের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এর উপর একটি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ |
| ০৩ | বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির বিভিন্ন অংশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম সংশোধন করে এবং যোগাযোগের জন্য দাপ্তরিক টেলিফোন নাম্বার সংযোজন করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ০৪ | 'উদ্ভাবিত উন্নত জাতের ফডার কাটিং বিতরণ' অংশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তার সঙ্গে 'সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের ইনচার্জগণ' সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |

| | | |
|---|---|---|
| ০৫ | ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ হতে ছাগল উৎপাদন গবেষণা বিভাগ ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ নামক পৃথক দুইটি বিভাগ হওয়ায় 'স্বল্পমূল্যে উন্নত জাতের ছাগল ও ভেড়ার প্রজনন পাঠা বিতরণ' নামক সেবার স্থলে 'স্বল্পমূল্যে উন্নত জাতের ছাগলের প্রজনন পাঠা বিতরণ' ও 'স্বল্পমূল্যে উন্নত জাতের ভেড়ার প্রজনন পাঠা বিতরণ' নামক পৃথক দুইটি সেবা সিটিজেন চার্টারে সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ০৬ | 'খামারী ও উদ্যোক্তাগণকে প্রাণী ও পোল্ট্রি প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান' অংশে সেবা প্রদানের সময়সীমা হিসেবে ৯০ কার্যদিবসের সঙ্গে 'প্রশিক্ষণ প্রদানের সুযোগ ও সক্ষমতা অনুযায়ী' অংশটুকু যুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ০৭ | 'বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সাথে দ্বি-পাক্ষিক চুক্তি/সমঝোতা স্মারক সাক্ষর' অংশে সেবা প্রদানের সময়সীমা হিসেবে ৩০ কার্যদিবসের পরিবর্তে ৯০ কার্যদিবস সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ০৮ | 'বহি:বাংলাদেশ গমনে পাসপোর্ট প্রাপ্তির জন্য অনাপত্তি (NOC) প্রদানের ব্যবস্থা করা' অংশে সেবা প্রদান পদ্ধতি হিসেবে 'ই-নথি ব্যবহার করে আবেদনের মাধ্যমে' সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ০৯ | 'অফিস, ল্যাব ও বিভিন্ন গবেষণা সেডে কারিগরি সহায়তা, যেমন- বিদ্যুৎ, গ্যাস ও পানির সংযোগ প্রদান ও মেরামত অংশে' সেবা প্রদানের সময়সীমা হিসেবে ০২ কার্যদিবসের পরিবর্তে ০৫ কার্যদিবস সংযুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ১০ | বিভিন্ন সেবা প্রপ্তির জন্য প্রয়োজনীয় আবেদনের নমুনা আবেদনপত্র তৈরি করে ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |
| ১১ | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের বাধ্যবাধকতা সম্পর্কে অবিহিত করে এবং স্ব স্ব বিভাগ/শাখা যেনো সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রার সংরক্ষণপূর্বক নিয়মিত মাসিকভাবে সেবা প্রদানের প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রেরণ করে তা উল্লেখ করে একটি অফিস আদেশ জারি করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রশাসন শাখা |
| ১২ | 'পোল্ট্রি ও প্রাণিখাদ্য বিশ্লেষণ', 'পোল্ট্রি ও প্রাণিস্বাস্থ্য সংশ্লিষ্ট রোগ নির্ণয়' ও 'প্রকাশনা সামগ্রী বিক্রয় ও বিতরণ' সংক্রান্ত নাগরিক সেবা সিটিজেন চার্টারে অন্তর্ভূক্ত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সেবাসমূহের মূল্য নির্ধারণ করার বিষয়ে ইনস্টিটিউটের মূল্য নির্ধারণী কমিটিকে একটি পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আজহারুল আমিন
অতিরিক্ত পরিচালক

স্মারক নম্বর: ৩৩.০৫.২৬৭২.২০৬.৯৯.০০১.২০.১০৯

তারিখ: ৭ পৌষ ১৪২৮
২২ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা , প্রশিক্ষণ,পরিকল্পনা, এবং প্রযুক্তি পরিবীক্ষণ বিভাগ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

৪) পিএ, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

দেবজ্যোতি

দেবজ্যোতি ঘোষ
তথ্য কর্মকর্তা